
# ঢাবিতে ৩৫ শিক্ষার্থীকে পেটাল ছাত্রলীগ




**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●** কর্মসূচিতে না যাওয়ায় ও গেস্টরুমে দেরি করে উপস্থিত হওয়ায় মধ্যরাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ৩৫ শিক্ষার্থীকে মারধর করেছেন ছাত্রলীগ কর্মীরা। বুধবার মধ্যরাতে মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের গেস্টরুমে এ ঘটনা ঘটে। হল শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবদুল্লাহ আল মাসুদ লিমনের অনুসারীরা সাধারণ শিক্ষার্থীদের মারধর করেছেন বলে জানান ভুক্তভোগী শিক্ষার্থীরা।

হল শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবদুল্লাহ আল মাসুদ লিমন বলেন, আমার পক্ষ থেকে রমজান মাসে গেস্টরুম করার নির্দেশ ছিল না। ছাত্রদের মারধর করাও ঠিক হয়নি। আমি এ ব্যাপারে সর্বোচ্চ ব্যবস্থা নেব।

জানা যায়, বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোটা সংস্কার আন্দোলনের বিপক্ষে 'মুক্তিযোদ্ধার সন্তান ও প্রজন্ম সমন্বয় পরিষদের' এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬